46

তারিখ ... ... 01 JUN 1997
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৭ ......

দৈনিক ইত্তেফাক

# আজ হইতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সকল হলে পুলিশ মোতায়েন

আনোয়ার আলদীন ॥ সন্ত্রাস নির্মূল ও বহিরাগত অছাত্র বিতাড়নের লক্ষ্যে আজ (শনিবার) অপরাহ্নে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সকল ছাত্রাবাসের গেটে সার্বক্ষণিক পুলিশ মোতায়েন করা হইবে। একই সঙ্গে পরিচয়পত্র নকলরোধে আজ হইতে ১৫ দিনের মধ্যে সকল ছাত্র-ছাত্রীকে লেমিনেটেড পরিচয়পত্র প্রদানের কাজ শুরু হইবে। গতকাল (শনিবার) পুলিশ প্রশাসন, আইন-শৃংখলা রক্ষীবাহিনী এবং হল প্রভোষ্ট স্ট্যান্ডিং কমিটির সহিত ভিসি প্রফেসর এ.কে আজাদ চৌধুরীর পৃথক বৈঠকে এই সিদ্ধান্ত গৃহীত হয়। পুলিশ প্রশাসনের পক্ষে বৈঠকে নেতৃত্ব দেন পুলিশ কমিশনার এ.কে আল মামুন। বৈঠকে ক্যাম্পাসে সন্ত্রাস নির্মূলে পুলিশের তৎপরতা অব্যাহত রাখার সিদ্ধান্ত নেওয়া হয়। পুলিশকে সহযোগিতা করিবেন হলের প্রভোষ্ট, আবাসিক শিক্ষক এবং প্রয়োজনে প্রক্টর ও ভিসি। (২য় পৃঃ দ্রঃ)

## পুলিশ মোতায়েন

(প্রথম পৃঃ পর)

পুলিশ হল গেটে পরিচয়পত্র চেকিংকালে যাহাতে হলে কোন অপ্রীতিকর ঘটনা না ঘটে, সেইজন্য হলে সকল সময় একজন আবাসিক শিক্ষক অবস্থান করিবেন। কোন সমস্যা হইলে তাঁহারা সমাধান করিবেন। আবাসিক শিক্ষকরা প্রতিরাতে কমপক্ষে একবার হলের প্রতিটি কক্ষ পরিদর্শন করিবেন। ইহাছাড়া, আবাসিক শিক্ষকদের স্ব স্ব হলের নিকট অচিরেই বাসস্থানের ব্যবস্থা করা হইবে। আজ এই বিষয়ে প্রতিটি হলে প্রভোষ্টের সভাপতিত্বে আবাসিক শিক্ষকদের বৈঠকে সকল কিছু চূড়ান্ত করা হইবে।

উল্লেখ্য, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১১টি ছাত্রাবাসের মধ্যে আরিফ হোসেন তাজ হত্যাকান্ডের পর ছাত্রদল নিয়ন্ত্রিত ৪টি হলের গেটে সার্বক্ষণিক পুলিশ মোতায়েন রহিয়াছে। অপর ৭টি হলে আজ পুলিশ মোতায়েন করা হইবে।